

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৩৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৪৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪২ : পিতা-মাতার ও নিকটাত্মীয়ের বন্ধু, স্ত্রীর সখী এবং যাদের সম্মান করা কর্তব্য তাদের সঙ্গে সদ্ব্যবহার করার মাহাত্ম্য

(42) - بَابُ فَضْلِ بَرِّ أَصْدِقَاءِ الْأَبِّ وَالْأُمِّ وَالْأَقْرَابِ وَالزَّوْجَةِ وَسَائِرِ مَنْ يُنْدَبُ إِكْرَامُهُ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، قَالَتْ : مَا غَرْتُ عَلَى أَحَدٍ مِنْ نِسَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا غَرْتُ عَلَى خَدِيجَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، وَمَا رَأَيْتُهَا قَطُّ، وَلَكِنْ كَانَ يُكْثَرُ ذِكْرُهَا، وَرُبَّمَا ذَبَحَ الشَّاةَ، ثُمَّ يَقَطُّعُهَا أَعْضَاءَ، ثُمَّ يَبْعُثُهَا فِي صَدَائِقِ خَدِيجَةَ، فَرُبَّمَا قُلْتُ لَهُ : كَأَنْ لَمْ يَكُنْ فِي الدُّنْيَا إِلَّا خَدِيجَةَ ! فَيَقُولُ : «إِنَّهَا كَانَتْ وَكَانَتْ وَكَانَ لِي مِنْهَا وَلَدٌ مُتَّفَقٌ عَلَيْهِ

وفي رواية : وَإِنْ كَانَ لِيَذْبَحُ الشَّاةَ، فَيُهْدِي فِي خَلَائِهَا مِنْهَا مَا يَسْعُهُنَّ .

وفي رواية: كَانَ إِذَا ذَبَحَ الشَّاةَ، يَقُولُ: أَرْسَلُوا بِهَا إِلَى أَصْدِقَاءِ خَدِيجَةَ

وفي رواية : قَالَتْ : اسْتَأْذَنْتُ هَالَةَ بِنْتُ خُوَيْلِدٍ أُخْتُ خَدِيجَةَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَعَرَفَ اسْتِئْذَانَ خَدِيجَةَ، فَارْتَاخَ لِذَلِكَ، فَقَالَ: اللَّهُمَّ هَالَةَ بِنْتُ خُوَيْلِدٍ

قَوْلُهَا: «فَارْتَاخَ» هُوَ بِالْحَاءِ، وَفِي الْجَمْعِ بَيْنَ الصَّحِيحِينَ لِلْحُمَيْدِيِّ: «فَارْتَاخَ» بِالْعَيْنِ وَمَعْنَاهُ : إِهْتَمَّ بِهِ

বাংলা

৩/৩৪৮। আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, খাদীজা রাদিয়াল্লাহু আনহা প্রতি আমার যতটা ঈর্ষা হতো, ততটা ঈর্ষা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অপর কোন স্ত্রীর প্রতি হতো না। অথচ আমি তাঁকে কখনো দেখিনি। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় তাঁর কথা আলোচনা করতেন এবং যখনই তিনি ছাগল যবাই করতেন, তখনই তার বিভিন্ন অঙ্গ কেটে খাদীজার বান্ধবীদের জন্য উপহারস্বরূপ পাঠাতেন।

আমি তাঁকে মাঝে মধ্যে (রসিকতা ছলে) বলতাম, 'মনে হয় যেন দুনিয়াতে খাদীজা ছাড়া আর কোন মেয়েই নেই।' তখন তিনি (তাঁর প্রশংসা করে) বলতেন, "সে এই রকম ছিল, ঐ রকম ছিল। আর তাঁর থেকেই আমার সম্ভান-সম্ভতি।"

অন্য এক বর্ণনায় আছে, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বকরী যবাই করতেন, তখন খাদীজার বান্ধবীদের নিকট এতটা পরিমাণে মাংস পাঠাতেন, যা তাদের জন্য যথেষ্ট হত।'

অন্য এক বর্ণনায় আছে, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বকরী যবাই করতেন, তখন বলতেন, "খাদীজার বান্ধবীদের নিকট এই মাংস পাঠিয়ে দাও।"

অন্য এক বর্ণনায় আছে আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, 'একদা খাদীজার বোন হালা বিনতে খুআইলিদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসার অনুমতি চাইল। তিনি খাদীজার অনুমতি চাওয়ার কথা স্মরণ করলেন, সুতরাং তিনি আনন্দবোধ করলেন এবং বললেন, "আল্লাহ! হালা বিনতে খুআইলিদ?"

এ বর্ণনায় حُرِّدَتْ (আনন্দবোধ করলেন) শব্দ এসেছে। আর হুমাইদীর 'আল-জাম'উ বাইনাস সহীহাইন'-এ এসেছে حُرِّدَتْ শব্দ। অর্থাৎ তার প্রতি যত্ন নিলেন ও আগ্রহ প্রকাশ করলেন।[1]

English

(42) Chapter: Excellence in doing Good to the Friends of Parents and other Relatives

'Aishah (May Allah be pleased with her) reported:

I never felt jealous of any of the wives of the Prophet (ﷺ) as much as I did of Khadijah (May Allah be pleased with her), although I have never seen her, but the Prophet (ﷺ) used to mention her very often. Whenever he slaughtered a sheep, he would cut it into pieces and send them to the women friends of Khadijah (May Allah be pleased with her). When I sometimes said to him: "You treat Khadijah in such a way as if there is no woman on earth except her". He (ﷺ) would say, "Khadijah was such and such (commending her and speaking well of her), and I had children from her".

[Al-Bukhari and Muslim].

Another narration is: And if he (ﷺ) slaughtered a sheep, he would send meat to the friends of Khadijah (May Allah be pleased with her) as a present as much as would suffice them.

Another narration is: When a sheep was slaughtered, he (ﷺ) would say, "Send this meat to Khadijah's friends." Once, Halah bint Khuwailid (May Allah be pleased with her), sister of Khadijah (May Allah be pleased with her), sought permission of Messenger of Allah (ﷺ) to enter. He recognized and recalled to his mind the manner of Khadijah (May Allah be pleased with her) and was deeply moved. He said, "O Allah, she must be Halah bint Khuwailid".

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith brings out the following five points:

1. A brief reference to the great qualities of Khadijah (May Allah be pleased with her).
2. The love that Messenger of Allah (PBUH) had for Khadijah (May Allah be pleased with her) because of her great qualities.
3. Reference to the kindness which Messenger of Allah (PBUH) continued to show to the women who were close to Khadijah (May Allah be pleased with her).
4. Expression of the sentiments which the remembrance of some deceased friend brings with it. These sentiments can be pleasing as well as painful.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৮১৬, ৩৮১৭, ৩৮১৮, ৫২২৯, ৬০০৪, ৭৪৮৪, মুসলিম ২৪৩৫, তিরমিযী ২০১৭, ৩৮৭৫, ইবনু মাজাহ ১৯৯৭, আহমাদ ২৩৭৮৯, ২৫১৩০, ২৫৮৪৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22779>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন